দৈনিক
জনকণ্ঠ

তারিখ 07 NOV 2012
পৃষ্ঠা ২-৩ কলাম ৪

# আইন আছে কাগজে কলমে, শিশুর ঘাড়ে ঠিকই বইয়ের বোঝা

বিভাষ বাড়ৈ ॥ 'এইভাবে হাতে পায়ে ধরে যদি অধিদফতর কাউকে অনুরোধ করে তাহলে কোনদিনই তা কেউ মানবেনা। কোন স্কুল কর্তৃপক্ষই শিশুদের ঘাড়ে চাপিয়ে বইয়ের বোঝা কমাবেনা। প্রায় এক মাস হয়ে গেলেও এখন পর্যন্ত সরকারের অনুরোধ অনুসারে কোন স্কুলেই গবর্নিং বডি বা অন্য কোন কর্তৃপক্ষ শিশুদের ওপর চাপিয়ে দেয়া অতিরিক্ত বই কমানোর উদ্যোগ নিয়েছে বলে আমরা শুনিনি। আমাদের বিদ্যালয় পরিচালনা করেন সরকারী কর্মকর্তারা, তার পরেও নেই কোন উদ্যোগ'

সরকারী অনুমোদনহীন বই ও শিক্ষা উপকরণ শিক্ষার্থীদের ওপর চাপানোর বিষয়ে প্রাথমিক শিক্ষা অধিদফতরের পরিপত্র জারির প্রায় একমাস পরেও এই হতাশা ও ক্ষোভ নামী শিক্ষা প্রতিষ্ঠান রাজধানীর বিয়াম স্কুল এ্যান্ড কলেজের শিশু শিক্ষার্থী মিথিলার মা রাশিদা খাতুনের। হতাশার কারণ একটাই। আর তা হলো, সরকারী সংস্থার দুর্বল অবস্থানের কারণেই স্কুল কর্তৃপক্ষের অমানবিক ও অবৈধ কর্মকাণ্ড থেকে রক্ষা পাচ্ছেনা শিশুরা। এ অভিভাবকের অভিযোগ, অধিদফতর যেভাবে নামকাওয়াস্তে অনুরোধ করেছে তা *(৪ পৃষ্ঠা ৬ কঃ দেখুন)*